# উপজেলা পরিষদ গোলাপগঞ্জ,সিলেট।

সভা নং- ০১/২০২৪-২৫ইং

সভার তারিখ : ১৪/০৮/২০২৪ইং

২০২৪-২০২৫ইং অর্থ বছরে উপজেলা পরিষদের অর্থায়নে বাজেট প্রনয়ন, স্থানীয় সম্পদ আহরণ ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনা গ্রহণের নিমিত্তে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে "অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি"র সভার কার্য-বিবরণী :-

অদ্য ১৪ আগস্ট ২০২৪ইং তারিখ বেলা ১১:০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ কনফারেন্স রুমে ২০২৪-২৫ইং অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল দ্বারা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণের লক্ষ্যে "অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি"র এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ নাবেদ হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।

সভায় উপস্থিত সদস্যদের নাম,পদবী ও স্বাক্ষর নিম্নরূপ :

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ জাহিদ হোসাইন, চেয়ারম্যান, বাদেপাশা ইউপি, গোলাপগঞ্জ, সিলেট ও সদস্য, অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি। | (স্বাক্ষরিত) 14.08.24 |
| ০২ | জনাব এম কবির উদ্দিন, চেয়ারম্যান, শরীফগঞ্জ ইউপি, গোলাপগঞ্জ, সিলেট ও সদস্য, অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি। | (স্বাক্ষরিত) ১৪.০৮.২০২৪ |
| ০৩ | জনাব মুহিদুজ্জামান লাভলু, চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), ভাদেশ্বর ইউপি, গোলাপগঞ্জ, সিলেট ও সদস্য, অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি। | (স্বাক্ষরিত) ১৪/৮/২৪ |
| ০৪ | জনাব মোঃ মাহমুদুল হাসান, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গোলাপগঞ্জ, সিলেট ও সদস্য সচিব, অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি। | (স্বাক্ষরিত) ১৪/০৮/২৪ |

সভাপতির অনুমতিক্রমে উপজেলা প্রকৌশলী সভার কাজ শুরু করেন। তিনি জানান যে, গত ২০২৩-২০২৪ অর্থ বৎসরে চার কিস্তিতে ৯০.৯৬ লক্ষ টাকা এবং ২টি বিশেষ কিস্তিতে ৪৫ লক্ষ টাকা অর্থাৎ মোট ১৩৫.৯৬ লক্ষ টাকা থোক বরাদ্দ পাওয়া যায়। অপর পক্ষে রাজস্ব উর্দ্বৃত্তের ১০৭.৭৪ লক্ষ টাকা সহ মোট ২৪৩.৭০ লক্ষ টাকায় মোট ৭২টি প্রকল্পের কাজ বাস্তবায়ন করা সম্ভবপর হয়েছে।

তিনি আরো জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে রাজস্ব উর্দ্বৃত্ত হিসেবে ১৩০.৯৬ লক্ষ টাকা উন্নয়ন তহবিলে হস্তান্তরিত হয়েছে। বর্তমান অর্থ বছরে সম্ভাব্য থোক বরাদ ১৬৫.০০ লক্ষ টাকা হতে পারে মর্মে তিনি আশা করছেন। সেই বিবেচনায় মোট (৯০+১৬৫) = ২৫৫.০০ লক্ষ টাকার বাজেট প্রনয়ন করা যেতে পারে মর্মে উপজেলা প্রকৌশলী জানান। উপস্থিত সকল সদস্য এ বিষয়ে নিজেদের মধ্যে আলোচনা করেন। এক পর্যায়ে জনাব মোঃ জাহিদ হোসাইন, চেয়ারম্যান, বাদেপাশা ইউপি, গোলাপগঞ্জ, সিলেট ও কমিটির সদস্য প্রশ্ন করেন যে, রাজস্ব উর্দ্বৃত্ত হিসেবে ১৩০.৯৬ লক্ষ টাকা উন্নয়ন তহবিলে হস্তান্তরিত হয়েছে, কিন্তু কেনো ৯০.০০ লক্ষ টাকা বাজেট পরিকল্পনায় নেয়া হয়েছে। এই ক্ষেত্রে উপজেলা প্রকৌশলী জানান যে, গত অর্থ বছরে সম্পাদিত কিন্তু ব্যয় পরিশোধ করা সম্ভবপর হয়নি এমন ৯টি স্কীমের বিপরীতে ২৯,৮৮,২৬২.৪১ টাকা বর্তমান অর্থ বছরের Carrid over হয়েছে বিধায় উক্ত পরিমান অর্থ সমন্বয় করে বাজেট পরিকল্পনায় ৯০.০০ লক্ষ টাকা বিবেচনা করা হয়েছে। এ পর্যায়ে উপজেলা প্রকৌশলী ২০২৪-২০২৫ অর্থ বৎসরের খাত ওয়ারী আয় ব্যয়ের হিসাবের খসড়া উপস্থাপন করলে সকলেই একমত পোষণ করেন এবং প্রণীত বাজেট অনুযায়ী ২০২৪-২০২৫ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা গ্রহনের লক্ষ্যে কাজ করার জন্য যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটিকে সুপারিশ করেন।

**সিদ্ধান্ত :** প্রণীত বাজেট অনুযায়ী বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ প্রনয়ণের সিদ্ধান্ত গৃহীত হলো এবং সেই মোতাবেক যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটিকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেয়া হলো।

(স্বাক্ষরিত)

মোঃ নাবেদ হোসেন
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
অর্থ, বাজেট, পরিকল্পনা ও
স্থানীয় সম্পদ আহরণ কমিটি
গোলাপগঞ্জ, সিলেট।

CamScanner

## অংশ -১ উন্নয়ন হিসাব

### প্রাপ্তি

| প্রাপ্তি | | | | |
|---|---|---|---|---|
| প্রাপ্তির বিবরণ | পূর্ববর্তী বৎসরের প্রকৃত ২০২৩-২০২৪ | চলতি বৎসরের বাজেট বা সংশোধিত বাজেট ২০২৪-২০২৫ | পরবর্তী বৎসরের বাজেট ২০২৫-২০২৬ | মন্তব্য |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। অনুদান (উন্নয়ন) | | | | |
| ক. সরকার | ১৩,৫৯৬,০০০.০০ | ১০,০০০,০০০.০০ | ১২,০০০,০০০.০০ | |
| খ.অন্যান্য উৎস (অতিরিক্ত বরাদ্দ) | | ৬,৫০০,০০০.০০ | ৮,০০০,০০০.০০ | |
| ২। স্বেচ্ছা প্রনোদিত চাঁদা | | | | |
| ৩। রাজস্ব উদ্বৃত্ত | ১০,৭৭৪,১৩৫.০০ | ৯,০০০,০০০.০০ | ১৬,০০০,০০০.০০ | |
| মোট প্রাপ্তি (উন্নয়ন হিসাব) | ২৪,৩৭০,১৩৫.০০ | ২৫,৫০০,০০০.০০ | ৩৬,০০০,০০০.০০ | |

## অংশ -২ উন্নয়ন হিসাব

### ব্যয়

| ব্যয় | | | |
|---|---|---|---|
| ব্যয় বিবরণ | পূর্ববর্তী বৎসরের প্রকৃত ২০২৩-২০২৪ | চলতি বৎসরের বাজেট বা সংশোধিত বাজেট ২০২৪-২০২৫ | পরবর্তী বৎসরের বাজেট ২০২৫-২০২৬ |
| ১। কৃষি ও সেচ | ১,০৭৮,০২৮.০০ | ৩,০০০,০০০.০০ | ৪,২০০,০০০.০০ |
| ২। শিল্প ও কুটির শিল্প | | | |
| ৩। ভৌত অবকাঠামো | ১৭,৯৬৪,৭৬৪.০০ | ১৫,০০০,০০০.০০ | ২০,০০০,০০০.০০ |
| ৪। আর্থ-সামাজিক অবকাঠামো | ৩,৯৯১,৬৫৪.০০ | ৩,০০০,০০০.০০ | ৪,০০০,০০০.০০ |
| ৫। ক্রীড়া ও সংস্কৃতি | | | |
| ৬। বিধি (প্রয়োজনে অন্যান্য খাতের এইরূপ ব্যয় উল্লেখ করিতে হইবে) | | | |
| ৭। সেবা | | | |
| ৮। শিক্ষা | ৪৯৬,৬৮০.০০ | ১,২০০,০০০.০০ | ২,০০০,০০০.০০ |
| ৯। স্বাস্থ্য | ২০০,০০০.০০ | ৮০০,০০০.০০ | ১,৫০০,০০০.০০ |
| ১০। দারিদ্র-হ্রাস করণঃ সামাজিক নিরাপত্তা ও প্রাতিষ্ঠানিক সহায়তা | | | |
| ১১। পল্লী উন্নয়ন ও সমবায় | | | |
| ১২। মহিলা, যুব ও শিশু উন্নয়ন | ১০০,০০০.০০ | ১,০০০,০০০.০০ | ১,৫০০,০০০.০০ |
| ১৩। দুর্যোগ ব্যবস্থা ও ত্রান | | ৫০০,০০০.০০ | ১,১৮০,০০০.০০ |
| ১৪। সমাপ্তির জের | | | |
| ১৫। মৎস ও প্রাণী সম্পদ | ৫০০,০০০.০০ | ৯০০,০০০.০০ | ১,৫০০,০০০.০০ |
| ১৬। বিবিধ | ৩৯,০০৯.০০ | ১০০,০০০.০০ | ১২০,০০০.০০ |
| মোট ব্যয় (উন্নয়ন হিসাব) | ২৪,৩৭০,১৩৫.০০ | ২৫,৫০০,০০০.০০ | ৩৬,০০০,০০০.০০ |

এম. কবির উদ্দিন
চেয়ারম্যান

মোঃ জাহিদ হোসাইন
চেয়ারম্যান

মোঃ মাহমুদুল হাসান
উপজেলা প্রকৌশলী
এলজিইডি, গোলাপগঞ্জ, সিলেট

মোঃ ... হোসেন
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট।